

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭১৬

পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)
পরিচ্ছেদঃ ২৭. (অঙ্গসমূহ) তিনবার করে ধুয়ে ওযু করা

بَابِ الْوُضُوءُ ثَلَاثًا

আরবী

أَخْبَرَنَا نَصِرُ بْنُ عَلِيّ الْجَهْضَمِيُّ حَدَّثَنَا عَبْدُ الْأَعْلَى عَنْ مَعْمَرٍ عَنْ الزُّهْرِيِّ عَنْ عَطَاءِ بْنِ يَزِيدَ عَنْ حُمْرَانَ بْنِ أَبَانَ مَوْلَى عُتْمَانَ بْنِ عَقَانَ أَنَّ عُتْمَانَ تَوَضَّاً فَمَضْمَضَ وَاسْتَنْشَقَ وَغَسَلَ وَجْهَهُ ثَلَاتًا وَيَدَيْهِ ثَلَاتًا وَمَسَحَ بِرَأْسِهِ وَغَسَلَ رِجْلَيْهِ ثَلَاتًا ثُمَّ قَالَ رَأَيْتُ رَسُولَ اللَّهِ وَغَسَلَ وَجْهَهُ ثَلَاتًا وُمَدَيْهِ ثَلَاتًا وَمَسَحَ بِرَأْسِهِ وَغَسَلَ رِجْلَيْهِ ثَلَاتًا ثُمَّ قَالَ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَوَضَّا كَمَا تَوَضَّا ثُمُّ قَالَ مَنْ تَوَضَّا وُضُوبِي هَذَا ثُمَّ صَلَّى مَلْ يَوْمَنُ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ رَكْعَتَيْنِ لَا يُحَدِّثُ فِيهِمَا نَفْسَهُ غُفِرَ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ إِسناده صحيح

বাংলা

৭১৬. উছমান ইবনু আফফান রাদ্বিয়াল্লাহু আনহুর গোলাম হুমরান ইবনু আবান হতে বর্ণিত, উছমান রাদ্বিয়াল্লাহু আনহু (একদা) ওযু করলেন। আর (প্রথমে) তিনি কুলি করলেন এবং নাকি পানি দিলেন। তারপর তিনি তিনবার তাঁর মুখমণ্ডল ধুলেন এবং দু'হাত তিনবার করে ধুলেন আর মাথা মাসেহ করলেন এবং দু'পা তিনবার করে ধুলেন। অতঃপর তিনি বললেন: আমি যেভাবে ওযু করলাম, আমি রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখেছি, তিনি সেভাবেই ওযু করলেন, অতঃপর বললেন: যে ব্যক্তি আমার এ ওযুর মতো করে ওযু করবে, এরপর দু'রাকাত সালাত আদায় করবে যার মধ্যে সে আপনমনে কোনো কথাবার্তা বলবে না, তার পূর্বের সকল গুনাহ মাফ করে দেয়া হবে।"[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ন; এর সনদ সহীহ।

তাখরীজ: সহীহ বুখারী ১৫৯,১৬০; সহীহ মুসলিম ২২৬; আমরা এর তাখরীজ পূর্ণরূপে দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৩৬০,১০৪১, ১০৫৮, ১০৬০ নং এ এবং মুসনাদুল হুমাইদী নং ৩৫ এ। এটি আরও বর্ণনা করেছেন, ইবনুল



জারুদ, আল মুনতাকা নং ৬৭; দারুকুতনী ১/৮৩ নং ১৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ হুমরান ইবনু আবান (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন